জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
পাঠ্যপুস্তক ভবন
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নং: এনসিটিবি/ শি: উ: /২৫৭ /২০০৯/৭০৮

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
৩০ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির জন্য প্রণীত 'বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা' সকল শিক্ষাপ্রতিষ্ঠানে বাস্তবায়ন ও শিক্ষক ওরিয়েন্টেশন**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী পরীক্ষামূলক সংস্করণ হিসেবে প্রণীত শিখন শেখানো সামগ্রী ২০২৩ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে প্রবর্তন করা হয়েছে। শিখনকালীন মূল্যায়ন কৌশল বিদ্যালয় পর্যায়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে শিক্ষকদের জন্য **'বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা'** প্রণয়ন করা হয়েছে। **'বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা'** অনুযায়ী প্রতিটি বিষয়ের শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য একটি ওরিয়েন্টেশন কোর্সের ব্যবস্থা করা হয়েছে। ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সকল শিক্ষকের জন্য ওরিয়েন্টেশন কোর্সটি আগামী ৪ মে থেকে ১০ মে ২০২৩ https://nctb.muktopaath.gov.bd/ লিংকে উন্মুক্ত থাকবে।

মাধ্যমিক পর্যায়ের ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সকল শিক্ষকের আগামী ৪ মে থেকে ১০ মে ২০২৩ এর মধ্যে ওরিয়েন্টেশন কোর্সটি অনলাইনে সম্পন্ন করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং এতদসঙ্গে সংযুক্ত প্রতিটি বিষয়ের **'বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা'** অনুযায়ী শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য প্রতিষ্ঠান পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

এখানে উল্লেখ্য যে, জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির প্রতিটি বিষয়ের **অর্ধবার্ষিক সামষ্টিক মূল্যায়নের** রুটিনসহ সুনির্দিষ্ট গাইডলাইন আগামী ২০ মে ২০২৩ এর মধ্যে আপনার অধিদপ্তরের মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।

৩০/৪/২০২৩
(প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম)
চেয়ারম্যান
ফোন: ২২৩৩-৮৫৪৩২
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
বাংলাদেশ

Scanned with MOBILE SCANNER

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
পরিদর্শন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৭.১১.০০১.২১- **১১৩**

২৪ বৈশাখ ১৪৩০
০৭ মে ২০২৩

**জাতিয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর উপরিউল্লিখিত ৩০/০৪/২০২৩ তারিখের এনসিটিবি/ শি: উ: /২৫৭/২০০৯/৭০৮ নং স্মারকের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

সংযুক্তি: ০২ ফর্দা।

মুহম্মদ হোসাইন
পরিদর্শক (সহযোগী অধ্যপক)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ:
১। জেলা শিক্ষা অফিসার......(সকল)
২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.......(সকল)
৩। অধ্যক্ষ/সুপার..... (সকল কামিল/ফাযিল/আলিম/দাখিল মাদ্রাসা)

অনুলিপি:
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২। চেয়ারম্যান, এনসিটিবি
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

**কোর্সের নাম**- জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির মূল্যায়ন নির্দেশনা বিষয়ক অনলাইন ওরিয়েন্টেশন

**প্ল্যাটফর্ম**- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর ই-লার্নিং প্ল্যাটফর্ম https://nctb.muktopaath.gov.bd ভিজিট করলে কোর্সটি দেখা যাবে।

কোর্সে অংশগ্রহণের লিংক- https://nctb.muktopaath.gov.bd/course-details/1135 এই লিংকে ভিজিট করে সরাসরি কোর্সে প্রবেশ করতে পারবেন।

**কিভাবে প্ল্যাটফর্মে লগইন করবেন**

১. শুরুতে https://nctb.muktopaath.gov.bd তে ভিজিট করুন
২. প্ল্যাটফর্মে পূর্বে রেজিস্ট্রেশন সম্পন্ন থাকলে সরাসরি লগইন বাটনে ক্লিক করে আপনার **ইউজার আইডি** (রেজিস্ট্রেশন করার সময় ব্যবহৃত মোবাইল নম্বর/ মেইল আইডি) ও **পাসওয়ার্ড** ব্যবহার করে কোর্সটি শুরু করুন
৩. পাসওয়ার্ড ভুলে গেলে **'পাসওয়ার্ড রিসেট করুন'** বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় ব্যবহারকৃত মোবাইল নম্বর/মেইল আইডি যুক্ত করে সিস্টেমের নির্দেশনা অনুসরণ করে পাসওয়ার্ড রিসেট করে নিন এবং লগইন সম্পন্ন করুন।

**কিভাবে রেজিস্ট্রেশন করবেন**

১. মুক্তপাঠ প্ল্যাটফর্মে পূর্বে রেজিস্ট্রেশন না থাকলে, **'রেজিস্ট্রেশন'** বাটনে ক্লিক করে কিছু প্রাথমিক তথ্য প্রদান করে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
২. মুক্তপাঠে রেজিস্ট্রেশন ও প্রোফাইল আপডেট করার সময় আপনার **সার্টিফিকেটের** নামটি সঠিকভাবে লিখতে হবে। আপনার আইডি থেকে একবার সার্টিফিকেট তৈরি হওয়ার পর সার্টিফিকেটের নাম পরিবর্তন করা যাবে না।
৩. রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় আপনার **মোবাইল/ইমেইল** যে কোন একটি ব্যবহার করা যাবে। মোবাইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করলে মোবাইলে একটি OTP আসবে আর ইমেইল ব্যবহার করলে ইমেইলে একটি ভেরিফিকেশন লিংক যাবে। OTP/ইমেইল ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।

**কিভাবে কোর্স শুরু করবেন**

১. https://nctb.muktopaath.gov.bd ভজিটি করলে কোর্সটি দেখতে পারবেন।
২. অথবা সরাসরি https://nctb.muktopaath.gov.bd/course-details/1135 এই লিংকে ভিজিট করে কোর্সে প্রবেশ করুন।
৩. কোর্সে প্রবেশ করে **'কোর্সটি শুরু করুন'** বাটনে ক্লিক করুন।

**কিভাবে কোর্সটি সম্পন্ন করবেন**

১. এই কোর্সে মোট ৫টি মডিউল রয়েছে।
পাঠগুলোতে রয়েছে নির্ধারিত বিষয়বস্তুর উপর পাঠ সহায়িকা (পিডিএফ), ভিডিও কনটেন্ট স্ব-মূল্যায়ন (কুইজ), ও মতামত।
২. স্ব-মূল্যায়ন (কুইজ) অংশে সকল প্রশ্নের উত্তর দেয়ার পর **সাবমিট বাটনে** ক্লিক করুন।
৩. প্রত্যেকটি পাঠ/লেসনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণের মাধ্যমে সম্পন্ন করলে ডান পাশে **সবুজ টিকমার্ক** দেখা যাবে। পাঠ সম্পন্ন না হলে বা টিকমার্ক দেখা না গেলে নির্দেশনা খেয়াল করুন।

**কিভাবে সার্টিফিকেট তৈরি ও ডাউনলোড করবেন**

১. সকল পাঠ (১০০%) সম্পন্ন করলে আপনি সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারবেন।
২. সার্টিফিকেট তৈরি করার জন্য উপরের ম্যেনু থেকে **আমার পাতা**-তে ক্লিক করুন
৩. বামপাশের **সার্টিফিকেট** ম্যনুতে ক্লিক করুন
৪. **আবেদন** বাটনে ক্লিক করুন
৫. **আপনার সার্টিফিকেটটি তৈরি করুন** বাটনে ক্লিক করুন
৬. **সার্টিফিকেট ডাউনলোড** বাটনে ক্লিক করুন। (আপনার ডিভাইসে সার্টিফিকেট ডাউনলোড সম্পন্ন হয়ে যাবে)

**কোর্স করতে কোনো সমস্যার সম্মুখীন হলে কিভাবে সহযোগিতা নিবেন**